

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.powerdivision.gov.bd

নং-২৭.০৭২.০১৪.০৬.০০.০১১.২০১৩(অংশ-১)-২৬৬

তারিখ : ০৭-০৫-২০১৭

প্রজ্ঞাপন

বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল বিতরণ সংস্থা/কোম্পানির বিদ্যুতের সিস্টেম লস হ্রাসকরণ, রাজস্ব আয় বৃদ্ধি, ত্রুটিপূর্ণ বিলিং ব্যবস্থা পরিহারের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন, লোড ম্যানেজমেন্ট ব্যবস্থা বাস্তবায়ন ও জনগণের মধ্যে বিদ্যুৎ সাত্রয়ী মনোভাব সৃষ্টির লক্ষ্যে সমগ্র দেশব্যাপী বিদ্যমান সকল বিদ্যুৎ মিটার প্রি-পেমেন্ট মিটারে পরিবর্তনের সিদ্ধান্তের প্রেক্ষিতে এর মূল্য গ্রাহকের নিকট থেকে কিস্তিতে বিলের সাথে ভাড়া সমন্বয়ের বিষয়ে নিম্নোক্ত অভিন্ন নীতিমালা প্রণয়ন করা হলো :-

- প্রি-পেমেন্ট মিটারের মূল্য গ্রাহকদের নিকট হতে আদায়ের জন্য সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিতে এবং সকল ধরনের প্রি-পেইড মিটারের (নতুন/পুরাতন) ক্ষেত্রে মিটারের মূল্য মাসিক বিদ্যুৎ বিলের সাথে "ভাড়ায় সমন্বয়" পদ্ধতি অনুসরণ করতে হবে;
- প্রি-পেইড মিটার স্থাপনের সময় গ্রাহকদের নিকট হতে কোন অর্থ আদায় করা যাবে না;
- সিঙ্গেল ফেজ মিটারের মাসিক ভাড়া ৪০.০০ (চল্লিশ) টাকা এবং ত্রি-ফেজ মিটারের মাসিক ভাড়া ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে বিদ্যুৎ বিলের সাথে আদায় করতে হবে;
- প্রি-পেইড মিটারের ভাড়া আদায় পদ্ধতি বিদ্যুৎ সংযোগ বহাল থাকা পর্যন্ত বলবৎ থাকবে এবং কোন সময় মিটারের কোন ত্রুটি মেরামত করার প্রয়োজন হলে বা মিটার পরিবর্তন করার প্রয়োজন হলে সংস্থা/কোম্পানি নিজ ব্যয়ে তা করবে এবং এজন্য গ্রাহকের নিকট হতে কোন চার্জ/ফি গ্রহণ করা যাবে না;
- গ্রাহক প্রি-পেইড মিটারের জন্য নির্ধারিত ভাড়া প্রতি মাসের প্রথমবার মিটার চার্জ/রিচার্জিং এর সময় পরিশোধ করবে। গ্রাহককে এনার্জি ক্রয়ের সাথে ডিম্যান্ড চার্জ, সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি পরিশোধ করতে হয় বিধায় মাসের প্রথমবার প্রি-পেইড মিটার চার্জ/রিচার্জের সময় গ্রাহককে একটি ন্যূনতম অংকের টাকা রিচার্জ করতে হবে। এজন্য মাসের প্রথমবার প্রি-পেইড মিটার চার্জ/রিচার্জিং এ সিঙ্গেল ফেজ মিটারের জন্য ন্যূনতম ২০০.০০ (দুইশত) টাকা এবং ত্রি-ফেজ মিটারের জন্য ন্যূনতম ১০০০.০০ (এক হাজার) টাকা নির্ধারণ করতে হবে;
- গ্রাহকের কারণে প্রি-পেইড মিটার নষ্ট হলে কিংবা গ্রাহক উদ্দেশ্যপ্রণোদিতভাবে মিটারের ক্ষতিসাধন করলে সেক্ষেত্রে গ্রাহকের নিকট হতে মিটারের মূল্য আদায় করতে হবে;
- বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিসমূহ কর্তৃক যে সকল এলাকায় ইতোমধ্যে প্রি-পেইড মিটারিং সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে ঐ সকল এলাকার গ্রাহকদের খোলা বাজার থেকে সংশ্লিষ্ট কোম্পানির (যারা মিটার ইন্টারফেজ এবং সরবরাহ করেছে) নির্দিষ্ট স্পেসিফিকেশন ও ব্র্যান্ডের প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য অনুমতি প্রদান করা যেতে পারে;

(জ) সংশ্লিষ্ট বিতরণী সংস্থা/কোম্পানি গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মিটার টেস্ট করার পর তা সংযোজন করা যাবে। উন্মুক্ত বাজার হতে গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মিটারের ক্ষেত্রে এ প্রজ্ঞাপনে বর্ণিত প্রি-পেইড মিটারের ভাড়া আদায় পদ্ধতি প্রযোজ্য হবে না।

প্রত্যেক বিতরণ সংস্থা/কোম্পানি স্ব স্ব বোর্ড/পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে উল্লিখিত নীতিমালা বাস্তবায়ন করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ শওকত আলী)

উপ সচিব

ফোন-৯৫৪০২৪৮

ই-মেইল : dev-3@pd.gov.bd

তারিখ : ০৭-০৫-২০১৭

নং-২৭.০৭২.০১৪.০৬.০০.০১১.২০১৩(অংশ-১)-২৬৬/১(২০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, ঢাকা।
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট জোন ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, ১৮/১, নয়া পল্টন, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লিঃ, ঢাকা।
- ০৮। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ১নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ০৯। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্ঞানালি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১০। মাননীয় প্রতিমন্ত্রী এর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্ঞানালি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ১১। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ১৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/পরিচালনা/সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ১৪। অফিস কপি/মাষ্টার কপি।